# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

www.sylhetboard.gov.bd, e-chairmanbisesyl@gmail.com

**স্মারক নং ৩৭.১৪.৯১০০.২০০.৪৭.০০১.২০-১৬৬০** **তারিখ :** ০৩আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ

১৭জুন ২০২০ খ্রিস্টাব্দ

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

**বিষয়: বিধি বহির্ভূতভাবে কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন পর্যায়ে ২০২০- ২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অনলাইনে কিংবা ম্যানুয়াল ভর্তি প্রচার-প্রচারণা সম্পর্কিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে, কেবল বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড নিজস্ব অনলাইনে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন করে থাকে।

১. যে সকল শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অনলাইনে ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করছে তা ভর্তির নীতিমালা ২০২০-২০২১ এর পরিপন্থী। অবিলম্বে এ ধরণের ভর্তির বিজ্ঞপ্তি ও প্রচার-প্রচারণা বন্ধের নির্দেশ দেয়া হলো।

২. এছাড়া সংশ্লিষ্ট শিক্ষার্থী, অভিভাবক এবং অন্যান্য সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ডের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি(নির্দেশনা) ব্যতীত বিধি বহির্ভূতভাবে যে সকল শিক্ষার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হলে তাদের রেজিস্ট্রেশন,ফরম পূরণ এবং পরবর্তী বোর্ড পরীক্ষায় অংশ গ্রহণের কোন সুযোগ নেই।

অতএব, সংশ্লিষ্ট সকলকে এ ধরণের কার্যক্রম থেকে বিরত থাকার নির্দেশ দেয়া হলো।

১৭/০৬/২০২০

(মো: মোস্তফা কামাল আহমদ)
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

১৭/৬/২০২০

দৃষ্টি আকর্ষণ:

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)
   সকল উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।
২. সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।
৩. অফিস কপি।
৪. গার্ড ফাইল।